দৈনিক
ইনকিলাব

20 FEB 2003
পৃষ্ঠা ৮ ৬

প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি

# সকল জাতিসত্তার মাতৃভাষায় প্রাথমিক শিক্ষার অধিকার নিশ্চিত করতে হবে

—পাহাড়ী ছাত্র পরিষদ

স্টাফ রিপোর্টার ঃ বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম পাহাড়ী ছাত্র পরিষদের পক্ষ থেকে গতকাল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নিকট পাঁচ দফা দাবী সম্বলিত এক স্মারকলিপি প্রদান করা হয়। পাঁচ দফা দাবীসমূহের মধ্যে রয়েছে পার্বত্য চট্টগ্রামে সকল জাতিসত্তার

৭-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি

(৮-এর পৃষ্ঠার পর)

মাতৃভাষায় প্রাথমিক শিক্ষালাভের অধিকা[র] নিশ্চিত করা, স্কুল-কলেজের পাঠ্যপুস্তকে জাতিসত্তার প্রতি অবমাননাকর বক্তব্য বা[দ] দেয়া, পাহাড়ী জাতিসত্তার বীরত্বব্যঞ্জ[ক] কাহিনী ও সঠিক সংগ্রামী ইতিহাস স্কুল কলেজের পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত কর[া], বাংলাদেশের সকল জাতিসত্তার সংক্ষিপ্ত সঠিক তথ্য সম্বলিত পরিচিতিমূলক রচন[া] বাংলাদেশের জাতীয় শিক্ষাক্রমে অন্তর্ভুক্ত করা ও পার্বত্য কোটা বাতিল করে পাহাড়ীদের বিশেষ কোটা চালু করা।